

পরিপত্র

নং- ৫২.০০৮.০১১.০৮.০০.৭০০.২০১৩-২৭১/২

১৬ আষাঢ়, ২০১৬ বঙ্গাব্দ
তারিখ: -----
৩০ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়: **Bangladesh GIS Platform (BGISP)** গঠন প্রসংগে

বর্তমানে Geographic Information System (GIS)^১ পদ্ধতি ব্যবহারের মাধ্যমে পৃথিবীর নানাদেশে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ নানাবিধ সেবামূলক কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০১১ সালে ১২ মে তারিখে জেনেভায় অনুষ্ঠিত জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কাউন্সিল (ECOSOC) এর সভায় মহাসচিবের (E/2011/89) রিপোর্টের উপর ভিত্তি করে 'UN Committee of Experts on Global Geospatial Information Management (GGIM)' নামে একটি কমিটি গঠিত হয়। এই কমিটি জাতিসংঘের সদস্য রাষ্ট্রসমূহের মধ্যে Geospatial Database এর সাথে Statistics এর সমন্বয়ের মাধ্যমে টেকসই উন্নয়নে উদ্বুদ্ধ করছে। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থা তাদের নিজস্ব অথবা জাতীয় প্রয়োজনে GIS কার্যক্রম পরিচালনা করছে। বর্তমানে এই সমস্ত সংস্থা কর্তৃক পরিচালিত GIS কার্যক্রম সম্পর্কে পরস্পরের মধ্যে তেমন কোন সমন্বয় না থাকার কারণে দ্বৈততা সৃষ্টির পাশাপাশি অর্থ ও সময়ের অপচয় হচ্ছে। সর্বোপরি, GISকেন্দ্রিক কাজিত উন্নয়ন থেকে জাতি বঞ্চিত হচ্ছে। এ কারণে GIS কার্যক্রমে সম্পৃক্ত সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বা সংস্থা এবং বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে GIS কার্যক্রমের সমন্বয় সাধন করা অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ। সকল GISসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয় সাধন করা গেলে একে অপরের কাজ সম্পর্কে পরিষ্কার ধারণা লাভ এবং নিজেদের মধ্যে তথ্য/উপাত্ত আদান প্রদানসহ জাতীয় প্রয়োজনে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে এতদবিষয়ে গুরুত্বপূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করা সহজ হবে। দেশের সকল GIS তথ্য/উপাত্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় এবং তাদের প্রস্তুতকৃত তথ্য/উপাত্ত একই স্থানে সংরক্ষণ করে জনগণের ব্যবহার উপযোগী করে তোলার লক্ষ্যে একটি প্ল্যাটফর্ম গঠন জরুরী হয়ে পড়েছে।

২। পরিসংখ্যান আইন, ২০১৩ এর ৬ ধারাবলে বাংলাদেশে GIS কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের^২ মধ্যে সমন্বয় সাধন এবং একই স্থানে এতদসংক্রান্ত সকল তথ্য/উপাত্ত সংরক্ষণ ও জনসাধারণের জন্য ব্যবহার উপযোগী করার লক্ষ্যে "Bangladesh GIS Platform (BGISP)" শিরোনামে একটি প্ল্যাটফর্ম গঠন করা হলো।

৩। এ প্ল্যাটফর্মটি সুষ্ঠু ও কার্যকরভাবে পরিচালনার জন্য নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে BGISP কমিটি গঠিত হবে:

(১) অতিরিক্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ	সভাপতি
(২) উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো	সদস্য
(৩) প্রতিনিধি, সাধারণ অর্থনীতি বিভাগ	সদস্য
(৪) প্রতিনিধি, সার্ভে অব বাংলাদেশ	সদস্য
(৫) প্রতিনিধি, এটুআই কর্মসূচী, প্রধানমন্ত্রীর কার্যালয়	সদস্য
(৬) প্রতিনিধি, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৭) প্রতিনিধি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য
(৮) প্রতিনিধি, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	সদস্য
(৯) প্রতিনিধি, তথ্য প্রযুক্তি অধিদপ্তর	সদস্য

^১GIS বলতে Geographical Information System/Science/Service/Society/Studies বুঝাবে;

^২প্রতিষ্ঠানসমূহ বলতে সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত, পাবলিক বিশ্ববিদ্যালয়, উন্নয়ন সহযোগী ও আর্ন্তজাতিক সংস্থা বুঝাবে।



